## জীবন

## আহমেদ সাবের


চাঁদের শিয়রে ঝুলানো জীবন -উঠানে প্রজাপতি ঝরা পাতা শুক্ল-কৃষ্ণ পক্ষের ধারাপাতে কুরুশ কাঁটায় বুনি কল্প গাঁথা।

চেনা অচেনার অপটিক তারে আলোর গতিতে জীবন মুগ্ধ ভুল বাসনার গুপ্ত গলিতে জীবন না হয় হল বা ক্ষুব্ধ তবুও আশার প্রান্ত সীমায় হিমালয় হয় খলিফা বুরুজ কালো গহ্বরে হঠাৎ হঠাৎ পাখা ঝাপটায় হলদে সুরুজ।

বিট বাইটের জিগ-শ পাজেলে পলকে জীবন কাট্টা ঘুড়ি অথবা শুধুই আগ্রহে খোঁজা পাথুরে নদীতে সবুজ নুড়ি তবুও জ্যোৎস্না তুকুল ভাসায় ভরা ভাদরের বিবাগী টান মেলায় দোকানী পুতুল সাজায় মাটির সানকি ভেঙ্গে সাত খান।

জীবনের হাট লোক গম গম -উড়ছে পর্দা, কোন লাশ নেই।

নিমেষে হাওয়া, ঝড় আসতেই অচেনা মর্গের দোর খুলে দেখি



সিডনী মে ২৫, ২০১২